# SATISH CHANDRA MEMORIAL SCHOOL

## PRE BOARD EXAMINATION (2024-25)

## CLASS X

## BENGALI (005)

**Time Allowed: 3 Hours** **Maximum Marks: 80**

**General Instructions:**

- The Question paper Contains 16 questions.
- The Question paper is divided into two parts.
  PART – A: Objective type paper (MCQ): 25 Marks.
  PART – B: Descriptive type paper: 55 Marks.
- PART – A has three sections: (MCQ)
  SECTION – A: Reading (Unseen Comprehension): 12 marks.
  SECTION – B: Grammar: 3 marks.
  SECTION – C: Main course book & Supplementary Reader: 10 marks.
- PART – B has three sections: (Descriptive)

  SECTION – B: Grammar: 10 marks.

  SECTION – C: Main course book & Supplementary Reader: 33 marks.

  SECTION – D: Creative Writing: 12 marks.

**PART – A**

**(MCQ BASED QUESTIONS): 25 MARKS**

**SECTION – A (READING COMPREHENSION)**

**1. অনুচ্ছেদগুলো পাঠ করে প্রদত্ত প্রশ্নগুলোর সঠিক উত্তর নির্বাচন করে লেখো।** **[ (1x4)x3=12 ]**

হরিদ্রাগ্রামে এক ঘর বড় জমিদার ছিলেন। জমিদার বাবুর নাম কৃষ্ণকান্ত রায়। কৃষ্ণকান্ত রায় বড় ধনী; তাঁহার জমিদারির মুনাফা প্রায় দুই লক্ষ টাকা। এই বিষয়টা তাঁহার ও তাঁহার ভ্রাতা রামকান্ত রায়ের উপার্জিত। উভয় ভ্রাতা একত্রিত হইয়া ধনোপার্জন করেন। উভয় ভ্রাতার পরম সম্প্রীতি ছিল, একের মনে এমত সন্দেহ কস্মিনকালে জন্মে নাই যে, তিনি অপর কর্তৃক প্রবঞ্চিত হইবেন। জমিদারি সকলই জ্যেষ্ঠ কৃষ্ণকান্তের নামে ক্রীত হইয়াছিল। উভয়ে একান্নভুক্ত ছিলেন। রামকান্ত রায়ের একটি পুত্র জন্মিয়াছিল– তাহার নাম গোবিন্দলাল। পুত্রটির জন্মাবধি, রামকান্ত রায়ের মনে মনে সংকল্প হইল যে, উভয়ের উপার্জিত বিষয় একের নামে আছে, অতএব পুত্রের মঙ্গলার্থে তাহার বিহিত লেখাপড়া করিয়া লওয়া কর্তব্য। কেন না, যদিও তাঁহার মনে নিশ্চিত ছিল যে, কৃষ্ণকান্ত কখনও প্রবঞ্চনা অথবা তাঁহার প্রতি অন্যায় আচরণ করার সম্ভাবনা নাই, তথাপি কৃষ্ণকান্তের পরলোকের পর তাঁহার পুত্রেরা কি করে, তাহার নিশ্চয়তা কি? কিন্তু লেখাপড়ার কথা সহজে বলিতে পারিলেন না– আজি বলিব, কালি বলিব, করিতে লাগিলেন। একদা প্রয়োজনবশত তালুকে গেলে সেইখানে অকস্মাৎ তাঁহার মৃত্যু হইল।

**(উৎস: কৃষ্ণকান্তের উইল / বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়)**

I) রামকান্ত কোন কথা তাঁর দাদাকে বলতে দ্বিধাগ্রস্ত ছিলেন?

A) পুত্রের নামকরণ তিনি কী করেছিলেন সেই কথা।

B) জমিদারি থেকে কত টাকা মুনাফা হয়েছে সেই কথা।
C) বিষয় সম্পত্তি লেখাপড়া করে নেওয়ার কথা।
D) পুত্রকে নিয়ে তিনি ভিন গাঁয়ে চলে যেতে চান – সেই কথা।

II) নিম্নোক্ত কোন বাক্যটি সত্য নয়?
A) রামকান্ত ও কৃষ্ণকান্তের মধ্যে সম্প্রীতির অভাব ছিল না।
B) কৃষ্ণকান্তের পুত্রের নাম গোবিন্দলাল।
C) রামকান্তের হঠাৎ মৃত্যু হয়।
D) রামকান্ত ও কৃষ্ণকান্ত রায়ের একান্নবর্তী পরিবার ছিল।

III) মন্তব্য: জমিদারির সকল বিষয় সম্পত্তি বড়ো ভাই কৃষ্ণকান্তের নামে কেনা হয়েছিল।
কারণ(ক): কৃষ্ণকান্ত ছোটো ভাই রামকান্তকে ফাঁকি দিয়ে সব কিছু নিজের নামে কেনেন।
কারণ(খ): রামকান্তের মৃত্যুর পর সকল সম্পত্তি কৃষ্ণকান্তের নামে কেনা হয়েছিল।
কারণ বিষয়ে প্রদত্ত বিকল্পগুলোর মধ্যে কোনটি সঠিক?
A) কারণ (ক)ঠিক, কিন্তু (খ)ভুল। B) কারণ (খ)ঠিক, কিন্তু (ক)ভুল।
C) কারণ (ক) ও (খ)উভয়ই ঠিক। D) কারণ (ক) ও (খ)উভয়ই ভুল।

IV) ‘পরলোক’ শব্দটির বিপরীতার্থক শব্দ হবে–
A) ইহলোক। B) অলোক।
C) যমলোক। D) স্বর্গলোক।

**B.** বেলা পড়িয়া আসিল। তখনো মেঘ করিয়া আছে। নক্ষত্ররায়কে সঙ্গে লইয়া মহারাজ পদব্রজে অরণ্যের দিকে চলিলেন। এখনো সন্ধ্যা হইতে বিলম্ব আছে, কিন্তু মেঘের অন্ধকারে সন্ধ্যা বলিয়া ভ্রম হইতেছে– কাকেরা অরণ্যের মধ্যে ফিরিয়া আসিয়া অবিশ্রাম চিৎকার করিতেছে, কিন্তু দুই-একটা চিল এখনো আকাশে সাঁতার দিতেছে। দুই ভাই যখন নির্জন বনের মধ্যে প্রবেশ করিলেন, তখন নক্ষত্ররায়ের গা ছমছম করিতে লাগিল। বড়ো বড়ো প্রাচীন গাছ জটলা করিয়া দাঁড়াইয়া আছে– তাহারা একটি কথা কহে না, কিন্তু স্থির হইয়া যেন কীটের পদশব্দটুকু পর্যন্তও শোনে; তাহারা কেবল নিজের ছায়ার দিকে, তলস্থিত অন্ধকারের দিকে অনিমেষ নেত্রে চাহিয়া থাকে। অরণ্যের সেই জটিল রহস্যের ভিতরে পদক্ষেপ করিতে নক্ষত্ররায়ের পা যেন আর উঠে না– চারিদিকে সুগভীর নিস্তব্ধতার ভ্রুকুটি দেখিয়া হৃৎকম্প উপস্থিত হইতে লাগিল; নক্ষত্ররায়ের অত্যন্ত সন্দেহ ও ভয় জন্মিল; ভীষণ অদৃষ্টের মতো নীরব রাজা এই সন্ধ্যাকালে এই পৃথিবীর অন্তরাল দিয়া তাঁহাকে কোথায় লইয়া যাইতেছেন কিছুই ঠাহর পাইলেন না। নিশ্চয় মনে করিলেন, রাজার কাছে ধরা পড়িয়াছেন, এবং গুরুতর শাস্তি দিবার জন্যই রাজা তাঁহাকে এই অরণ্যের মধ্যে আনিয়া ফেলিয়াছেন। নক্ষত্ররায় ঊর্ধ্বশ্বাসে পালাইতে পারিলে বাঁচেন, কিন্তু মনে হইল কে যেন তাঁহার হাত-পা বাঁধিয়া টানিয়া লইয়া যাইতেছে। কিছুতেই আর পরিত্রাণ নাই।

**(উৎস: রাজর্ষি / রবীন্দ্রনাথ ঠাকুর)**

I) বনের মধ্যে প্রবেশ করে নক্ষত্ররায়ের গা ছমছম করে ওঠার কারণ কী?
A) নিবিড় বনের নিস্তব্ধতা ও অজানা রহস্যে তাঁর বুক কেঁপে ওঠে।
B) বনের মধ্যে যেকোনো মুহূর্তে হিংস্র জন্তুর আক্রমণের ভয় ছিল।
C) তিনি একাকী বনের মধ্যে পথ হারিয়েছিলেন।
D) বনের মধ্যে তিনি দস্যুদের দ্বারা আক্রান্ত হয়েছিলেন।

II) মহারাজ নক্ষত্ররায়কে সঙ্গে নিয়ে কখন অরণ্যের দিকে যাত্রা করেছিলেন?
A) গভীর রাত্রে। B) ঘনায়মান সন্ধ্যার অন্ধকারে।
C) পড়ন্ত বেলায়। D) ভোরের আলো আঁধারিতে।

III) মন্তব্য: নক্ষত্ররায় মনে করলেন যে আজ তাঁর আর পরিত্রাণ নেই।

কারণ(ক): তিনি মনে করেছিলেন যে মহারাজের কাছে তিনি ধরা পড়ে গেছেন।

কারণ(খ): তিনি এও ভেবেছিলেন যে মহারাজ তাঁকে খুবই সামান্য শাস্তি দেবেন বলেই লোকালয়ে এনেছেন।

কারণ বিষয়ে প্রদত্ত বিকল্পগুলোর মধ্যে কোনটি সঠিক?

A) কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল।
B) কারণ (খ) ঠিক, কিন্তু (ক) ভুল।
C) কারণ (ক) ও (খ) উভয়ই ঠিক।
D) কারণ (ক) ও (খ) উভয়ই ভুল।

IV) 'হৃৎকম্প' শব্দটিকে সন্ধিবিচ্ছেদ করলে হবে–

A) হৃৎ+কম্প।
B) হৃদ+কম্প।
C) হৃদ্+কম্প।
D) হৃত+কম্প।

**C.** ছাত্রবৃত্তি ক্লাসের দুই-তিন শ্রেণী নীচে আমাদের পণ্ডিত ছিলেন শিবনাথ। তাঁহার গোঁফদাড়ি কামানো, চুল ছাঁটা এবং টিকিটি হ্রস্ব। তাঁহাকে দেখিলেই বালকদের অন্তরাত্মা শুকাইয়া যাইত। প্রাণীদের মধ্যে দেখা যায়, যাহাদের হুল আছে তাহাদের দাঁত নাই। আমাদের পণ্ডিত মহাশয়ের দুই একত্রে ছিল। এদিকে কিল চড় চাপড় চারাগাছের বাগানের উপর শিলাবৃষ্টির মতো অজস্র বর্ষিত হইত, ওদিকে তীব্র বাক্যজ্বালায় প্রাণ বাহির হইয়া যাইত। ইনি আক্ষেপ করিতেন, পুরাকালের মতো গুরুশিষ্যের সম্বন্ধ এখন আর নাই; ছাত্রেরা গুরুকে আর দেবতার মতো ভক্তি করে না। এই বলিয়া আপনার উপেক্ষিত দেবমহিমা বালকদের মস্তকে সবেগে নিক্ষেপ করিতেন, এবং মাঝে মাঝে হুংকার দিয়া উঠিতেন, কিন্তু তাহার মধ্যে এত ইতর কথা মিশ্রিত থাকিত যে তাহাকে দেবতার বজ্রনাদের রূপান্তর বলিয়া কাহারও ভ্রম হইতে পারে না।যাহা হউক, আমাদের স্কুলের এই তৃতীয়শ্রেণী দ্বিতীয়বিভাগের দেবতাটিকে ইন্দ্র চন্দ্র বরুণ অথবা কার্তিক বলিয়া কাহারও ভ্রম হইত না, কেবল একটি দেবতার সহিত তাঁহার সাদৃশ্য উপলব্ধি করা যাইত, তাঁর নাম যম; এবং এতদিন পরে স্বীকার করিতে দোষ নাই এবং ভয়ও নাই, আমরা মনে মনে কামনা করিতাম, উক্ত দেবালয়ে গমন করিতে তিনি যেন আর অধিক বিলম্ব না করেন।

**(উৎস: গিন্নি / রবীন্দ্রনাথ ঠাকুর)**

I) 'উক্ত দেবালয়ে গমন করিতে তিনি যেন আর অধিক বিলম্ব না করেন।' – উক্তিটির মধ্যে দিয়ে কী বোঝানো হয়েছে?

A) খুব দ্রুত যেন তিনি দেবালয়ের সামনে উপস্থিত হন।
B) তিনি যেন অনতিবিলম্বে বৈকুন্ঠধামে যান।
C) তিনি যেন কালবিলম্ব না করে সেই মন্দিরের সামনে যান।
D) তিনি যেন দ্রুত মৃত্যুবরণ করেন।

II) 'ছাত্রেরা গুরুকে আর দেবতার মতো ভক্তি করে না' – শিবনাথ পণ্ডিতের এহেন আক্ষেপ ও ক্ষোভ ছাত্রদের প্রতি কীভাবে প্রকাশিত হতো?

A) ছাত্রদের প্রহার করে তিনি তাঁর ক্ষোভ মেটাতেন।
B) ছাত্রদের প্রতি ভীষণ তর্জন-গর্জন করতেন।
C) প্রথম দু'টি বিকল্পই ঠিক।
D) প্রথম দু'টি বিকল্পই ভুল।

III) মন্তব্য: শিবনাথ পণ্ডিতকে দেখে বালকদের অন্তরাত্মা শুকিয়ে যেত।

কারণ(ক): তিনি বালকদের দেখামাত্রই তাদের সাথে মিষ্টালাপ করতেন।

কারণ(খ): তিনি বালকদের সাথে কটূভাষায় কথা বলতেন ও তাদের প্রহার করতেন।

কারণ বিষয়ে প্রদত্ত বিকল্পগুলোর মধ্যে কোনটি সঠিক?

A) কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল। B) কারণ (খ) ঠিক, কিন্তু (ক) ভুল।
C) কারণ (ক) ও (খ) উভয়ই ঠিক। D) কারণ (ক) ও (খ) উভয়ই ভুল।

IV) 'তাঁহাকে দেখিলেই বালকদের অন্তরাত্মা শুকাইয়া যাইত।' – বাক্যটিকে চলিত ভাষায় রূপান্তর করলে হবে–
A) তাঁহাকে দেখলেই বালকদের অন্তরাত্মা শুকিয়ে যেত।
B) তাঁহাকে দেখিলেই বালকদের অন্তরাত্মা শুকাইয়া যেত।
C) তাঁকে দেখলেই বালকদের অন্তরাত্মা শুকিয়ে যেত।
D) তাঁকে দেখলেই বালকদের অন্তরাত্মা শুকিয়ে যাইত।

**SECTION – B**
**GRAMMAR : (MCQ)**

**2. ব্যাকরণ থেকে প্রদত্ত প্রশ্নগুলোর যেকোনো তিনটির সঠিক বিকল্প উত্তর বেছে লেখো। (1x3=3)**

I) 'যে যাহার কর্মফল লইয়া আসিয়াছে, ভোগ না করিয়া উপায় কী?' – বাক্যটিকে চলিত ভাষায় রূপান্তর করলে হবে–
A) যে যাহার কর্মফল নিয়ে এসেছে, ভোগ না করে উপায় কী?
B) যে যার কর্মফল নিয়ে এসেছে, ভোগ না করে উপায় কী?
C) যে যার কর্মফল লইয়া এসেছে, ভোগ না করে উপায় কী?
D) যে যার কর্মফল নিয়ে এসেছে, ভোগ না করিয়া উপায় কী?

II) 'মা বাড়ি এসে দালানে পা ছড়িয়ে বসে পড়লেন।' - বাক্যটিকে সাধু ভাষায় রূপান্তর করলে হবে–
A) মা বাড়ি আসিয়া দালানে পা ছড়িয়ে বসিয়া পড়িলেন।
B) মা বাড়ি আসিয়া দালানে পা ছড়াইয়া বসিয়া পড়লেন।
C) মা বাড়ি এসে দালানে পা ছড়াইয়া বসিয়া পড়িলেন।
D) মা বাড়ি আসিয়া দালানে পা ছড়াইয়া বসিয়া পড়িলেন।

III) 'উত্তর দানের স্পষ্ট অনিচ্ছা দেখেও এঁরা প্রশ্ন করতে ছাড়বেন না।' - বাক্যটিকে সাধু ভাষায় রূপান্তর করলে হবে–
A) উত্তর দানের স্পষ্ট অনিচ্ছা দেখিয়াও এঁরা প্রশ্ন করতে ছাড়িবেন না।
B) উত্তর দানের স্পষ্ট অনিচ্ছা দেখিয়াও এঁরা প্রশ্ন করিতে ছাড়িবেন না।
C) উত্তর দানের স্পষ্ট অনিচ্ছা দেখিয়াও ইঁহারা প্রশ্ন করতে ছাড়িবেন না।
D) উত্তর দানের স্পষ্ট অনিচ্ছা দেখিয়াও ইঁহারা প্রশ্ন করিতে ছাড়িবেন না।

IV) মন্তব্য: 'তার সাথে যাওয়ার কোনো প্রয়োজন নেই।' – বাক্যটি চলিত ভাষার একটি দৃষ্টান্ত।
কারণ(ক): বাক্যটিতে সর্বনামপদ ও ক্রিয়াপদের সংক্ষিপ্তরূপ ব্যবহৃত হয়েছে।
কারণ(খ): বাক্যটিতে সর্বনামপদ ও ক্রিয়াপদের পূর্ণাঙ্গরূপ ব্যবহৃত হয়েছে।
কারণ বিষয়ে প্রদত্ত বিকল্পগুলোর মধ্যে কোনটি সঠিক?
A) কারণ (ক) ঠিক, কিন্তু (খ) ভুল। B) কারণ (খ) ঠিক, কিন্তু (ক) ভুল।
C) কারণ (ক) ও (খ) উভয়ই ঠিক। D) কারণ (ক) ও (খ) উভয়ই ভুল।

V) 'তারা কেউই কাজে বের হতে পারেনি।' – বাক্যটিকে সাধু ভাষায় রূপান্তর করলে হবে–
A) তাহারা কেহই কাজে বাহির হইতে পারে নাই।
B) তাহারা কেউই কাজে বাহির হইতে পারে নাই।

C) তাহারা কেহই কাজে বের হইতে পারে নাই।
D) তারা কেহই কাজে বাহির হতে পারে নাই।

**SECTION – C**
**MAIN COURSE BOOK & SUPPLEMENTARY READER / NON-DETAILED TEXT**
**(MCQ)**

**3. পাঠ্য গদ্য থেকে প্রদত্ত প্রশ্নগুলোর <u>যেকোনো ছ'টি</u> সঠিক বিকল্প উত্তর নির্বাচন করে লেখো। (1x6=6)**

I) "...'সন্ধ্যাতারা'-র সম্পাদক তপনের গল্প কড়ে আঙুল দিয়ে ছুঁতো?" – মন্তব্যটির মধ্যে দিয়ে প্রকাশিত হয়েছে–
A) তপনের লেখক সত্তার প্রতি চূড়ান্ত অবজ্ঞা।
B) সন্ধ্যাতারা পত্রিকার সম্পাদকের নাক উঁচু মনোভাব।
C) সন্ধ্যাতারা পত্রিকার সম্পাদকের প্রতি বাড়ির সকলের গভীর শ্রদ্ধাবোধ।
D) প্রতিটি বিকল্পই ঠিক।

II) মন্তব্য: অবশেষে গল্পকথক আলোবাবুকে আশ্রয় দিয়েছিলেন।
কারণ(ক): অবিনাশবাবুর বাড়ি থেকে তিনি বিতাড়িত হয়েছিলেন।
কারণ(খ): পাগলাগারদেও আলোবাবু নিজেকে মানিয়ে নিতে পারেননি।
মন্তব্যের সপক্ষে প্রদত্ত কারণগুলোর মধ্যে কোনটি গ্রহণযোগ্য?
A) কারণ(ক) গ্রহণযোগ্য হলেও কারণ(খ) গ্রহণযোগ্য নয়।
B) কারণ(ক) ও কারণ(খ) উভয়ই গ্রহণযোগ্য।
C) কারণ(খ) গ্রহণযোগ্য হলেও কারণ(ক) গ্রহণযোগ্য নয়।
D) কারণ(ক) ও কারণ(খ) কোনোটিই গ্রহণযোগ্য নয়।

III) "বড়ো চমৎকার আজকে এই সন্ধ্যার চেহারা।" – কোন সন্ধ্যার কথা বলা হয়েছে?
A) ইসাব ও অমৃত যে সন্ধ্যায় হোলির সময়কার বাজি পোড়ানো দেখতে গিয়েছিল।
B) হরিদা যে সন্ধ্যায় বাইজি সেজে পথে বের হয়েছিলেন।
C) হরিদা যে সন্ধ্যায় জগদীশবাবুর বাড়িতে সন্ন্যাসীর বেশে গিয়েছিলেন।
D) আলোবাবু যে সন্ধ্যায় সোলার হ্যাট বাজিয়ে তারস্বরে গান গাইছিলেন।

IV) "পৃথিবীতে এমন অলৌকিক ঘটনাও ঘটে?" – কী অলৌকিক ঘটনা ঘটেছিল?
A) একজন জলজ্যান্ত লেখককে তপন চোখের সামনে দেখছে।
B) তপনের লেখা গল্প সন্ধ্যাতারা পত্রিকায় ছাপা হয়েছে।
C) তিনতলার সিঁড়িতে বসে তপন আস্ত একটা গল্প লিখে ফেলেছে।
D) ছোটোমেসো তপনের লেখা গল্প পড়ে দেখেছেন ও প্রশংসা করেছেন।

V) মন্তব্য: আলোবাবু একজন রোগির পায়ের ঘায়ে কার্বলিক অ্যাসিড ঢেলে দিয়েছিলেন।
কারণ(ক): রোগিটির অসহায় অবস্থা দেখে তিনি ওষুধ মনে করে অজান্তেই কার্বলিক অ্যাসিড ঢেলে দিয়েছিলেন।
কারণ(খ): আলোবাবুর অত্যন্ত সরলতা ও সহৃদয়তা তার বিবেচনাবোধকেও কিছুটা খর্ব করেছিল।
মন্তব্যের সপক্ষে প্রদত্ত কারণগুলোর মধ্যে কোনটি গ্রহণযোগ্য?
A) কারণ(ক) গ্রহণযোগ্য হলেও কারণ(খ) গ্রহণযোগ্য নয়।

B) কারণ(ক) ও কারণ(খ) উভয়ই গ্রহণযোগ্য।
C) কারণ(খ) গ্রহণযোগ্য হলেও কারণ(ক) গ্রহণযোগ্য নয়।
D) কারণ(ক) ও কারণ(খ) কোনোটিই গ্রহণযোগ্য নয়।

VI) অমৃতের ছেঁড়া জামা দেখে তার মা কী করেছিলেন?
A) অমৃতকে ভীষণ মেরেছিলেন। B) অমৃতের জামাটা আরো ছিঁড়ে দিয়েছিলেন।
C) অমৃতের ছেঁড়া জামাটা ইসাবকে দিয়ে দেন। D) অমৃতের ছেঁড়া জামাটা রিফু করে দেন।

VII) "গল্প শুনে খুব গম্ভীর হয়ে গেলেন হরিদা।" – হরিদা কেন গম্ভীর হয়ে গেছিলেন?
A) গল্পটি হরিদার মনে ভয়ানক বেদনার সৃষ্টি করেছিল।
B) গল্পটি হরিদার মনে নতুন মতলবের সৃষ্টি করেছিল।
C) গল্পটি হরিদার আত্মমর্যাদায় আঘাত করেছিল।
D) গল্পটি হরিদার জীবনদর্শনকে পুরোপুরি বদলে দিয়েছিল।

VIII) অমৃত খুবই জোর দিয়ে ইসাবের সঙ্গে কুস্তি লড়ার প্রস্তাব প্রত্যাখ্যান করেছিল। কারণ–
A) অমৃত জানতো যে নতুন জামা ছিঁড়ে গেলে মা মারবে।
B) অমৃত জানতো যে ইসাবের সাথে গায়ের জোরে সে পেরে উঠবেনা।
C) অমৃত জানতো যে কুস্তি লড়লে ইসাবের বাবা তাদের মারবে।
D) হোলির দিন বলে শুধুমাত্র অমৃত ইসাবের সাথে তার পুরানো শত্রুতা ভুলে গিয়েছিল, তাই সে কুস্তি লড়তে চায়নি।

**4. গল্পগুচ্ছ (সহায়ক পাঠ) থেকে <u>যেকোনো চারটি</u> প্রশ্নের সঠিক বিকল্প উত্তরটি নির্বাচন করে লেখো। (1x4=4)**

I) "...নদী প্রবাহে ভাসমান পথিকের উদাস হৃদয়ে এই তত্ত্বের উদয় হইল," – কোন তত্ত্বের উদয় হয়েছিল?
A) জীবনে অনেক বিচ্ছেদ অনেক মৃত্যু থাকবেই তাই পুনরায় ফিরে কোনো লাভ নেই।
B) রোগশয্যায় কেবলমাত্র মায়ের কাছ থেকে সেবা পেলেই সবচেয়ে বেশি আরামবোধ হয়।
C) রতনের মতো অনাথিনীকে কোন পরিচয়ে সে বাড়িতে নিয়ে যাবে।
D) রতনের মতো অনাথিনীকে অর্থসাহায্য করে সে এক মহৎকার্য করেছে।

II) "রহমত হাসিয়া কহিল, "সিখানেই যাচ্ছে।""– রহমত প্রকৃতপক্ষে কোথায় যাচ্ছিল?
A) কাবুলে তার নিজের মেয়ের কাছে।
B) কারাগার থেকে মুক্ত হয়ে মিনির সাথে দেখা করতে।
C) মিনির শ্বশুরবাড়িতে।
D) একটা সাংঘাতিক অপরাধ করায় পাহারাওয়ালা কর্তৃক বন্দী হয়ে কারাগারের উদ্দেশে।

III) মন্তব্য: জেল থেকে ফেরার পর রহমতকে গল্পকথক প্রথমে চিনতে পারেননি।
কারণ(ক): রহমতের চেহারা ও বেশভূষার পরিবর্তন হয়েছিল।
কারণ(খ): রহমত ছদ্মবেশে মিনির সাথে দেখা করতে তাদের বাড়িতে এসেছিল।
মন্তব্যের সপক্ষে প্রদত্ত কারণগুলোর মধ্যে কোনটি গ্রহণযোগ্য?
A) কারণ(ক) গ্রহণযোগ্য হলেও কারণ(খ) গ্রহণযোগ্য নয়।
B) কারণ(ক) ও কারণ(খ) উভয়ই গ্রহণযোগ্য।
C) কারণ(খ) গ্রহণযোগ্য হলেও কারণ(ক) গ্রহণযোগ্য নয়।
D) কারণ(ক) ও কারণ(খ) কোনোটিই গ্রহণযোগ্য নয়।

IV) "সংসারে একটা এই মহৎ পরিবর্তন দেখা গেল" – কী পরিবর্তন দেখা গিয়েছিল?

A) শশিভূষণ খুব সহজেই জমিদার থেকে সর্বস্বান্ত হয়ে গেছিলেন।
B) রাধামুকুন্দ শশিভূষণের সংসারের সমস্ত দায় দায়িত্ব নিজের কাঁধে তুলে নিয়েছিলেন।
C) বিপদে পড়ে ব্রজসুন্দরী রাধামুকুন্দকে ব্যাকুলভাবে অবলম্বন করে ধরলেন।
D) রাধামুকুন্দ চিরদিনের জন্য সস্ত্রীক শশিভূষণের সংসার ত্যাগ করে চলে গেছিলেন।

V) মন্তব্য: উলাপুর গ্রাম ছেড়ে চলে যাওয়ার দিন ভোরে উঠে পোস্টমাস্টার দেখলেন যে তার স্নানের জল আগে থেকেই তোলা আছে।
কারণ(ক): সেদিন যেন স্নানে তার সামান্য অসুবিধাও না হয় তাই কেবলমাত্র সেদিনের জন্য রতন তার স্নানের জল কুয়ো থেকে তুলে রেখেছিল।
কারণ(খ): নদীর জলে স্নান করলে পোস্টমাস্টারের শরীর খারাপ হয়, সেকথা ভেবেই রতন ভোরবেলা কুয়ো থেকে জল তুলে রাখে।
মন্তব্যের সপক্ষে প্রদত্ত কারণগুলোর মধ্যে কোনটি গ্রহণযোগ্য?
A) কারণ(ক) গ্রহণযোগ্য হলেও কারণ(খ) গ্রহণযোগ্য নয়।
B) কারণ(ক) ও কারণ(খ) উভয়ই গ্রহণযোগ্য।
C) কারণ(খ) গ্রহণযোগ্য হলেও কারণ(ক) গ্রহণযোগ্য নয়।
D) কারণ(ক) ও কারণ(খ) কোনোটিই গ্রহণযোগ্য নয়।

VI) "কিন্তু বউঠাকরুণ একটা কথাও তো মিথ্যা বলেন নাই।" – এখানে কোন কথা সম্পর্কে বলা হয়েছে?
A) রাসমণির প্রতি ব্রজসুন্দরীর রূঢ় বাক্য প্রয়োগকে।
B) শশিভূষণের কাছে ব্রজসুন্দরীর রাধামুকুন্দ সম্পর্কে করা অভিযোগকে।
C) রাধামুকুন্দকে ব্রজসুন্দরী যে মধুর কথা বলেছেন সেই কথা বলা হয়েছে।
D) শশিভূষণকে ব্রজসুন্দরী যে মন্দ কথা বলেছেন সেই কথা বলা হয়েছে।

## PART – B
## (DESCRIPTIVE TYPE QUESTIONS) : 55 MARKS
## SECTION – B (GRAMMAR)

**5. A. সন্ধি বিচ্ছেদ করো। (যেকোনো দু'টি)।** **(1x2=2)**
সংরক্ষণ, তুষ্ট, তজ্জন্য, নীরব, সাজ্জন

**B. সন্ধিবদ্ধ পদটি লেখো। (যেকোনো দু'টি)।** **(1x2=2)**
উদ্+লেখ, পুনঃ+বিবেচনা, নিঃ+শেষ, পাঁচ্+সের, লভ্+ত

**6. রেখাঙ্কিত পদগুলোর ব্যাসবাক্যসহ সমাস নির্ণয় করো। (যেকোনো তিনটির)।** **(1x3=3)**

I) কন্যার মুখখানি **সিঁদুরবাঙা** হইয়া উঠিল।
II) মেলা দেখার জন্য রাজন **হাপিত্যেশ** করে বসে রইলো।
III) তার হদিশ **স্বর্গনরক** এক করলেও পাওয়া যাবেনা।
IV) কোনো দেশই **যুদ্ধবিগ্রহ** পছন্দ করেনা।
V) আমাদের **ছাত্রজীবন** এই করেই অতিবাহিত হয়েছিল।

**7. নির্দেশানুসারে প্রদত্ত বাক্যগুলোর গঠনগত পরিবর্তন করো। (যেকোনো তিনটির)।** **(1x3=3)**

I) যখনই তোমায় দেখেছে, তখনই সে সমস্ত বুঝতে পেরেছে। (সরলবাক্যে)
II) রাইচরণের মাতৃভক্তির কথা সকলেই মুক্তকণ্ঠে স্বীকার করে। (জটিল)

III) ছেলেটি সাহিত্যে ভালো হলেও গণিতে বেশ কাঁচা। (যৌগিক)
IV) রাজা একথা শোনামাত্রই ভাগিনাকে পাখিটকে আনিতে বলিলেন। (জটিল)
V) কালিদাস যে লেখাপড়া শিখেছিলেন তাতে সন্দেহ নেই। (যৌগিক)

**SECTION – C**
**MAIN COURSE BOOK & SUPPLEMENTARY READER / NON-DETAILED TEXT**
**(SUBJECTIVE)**

**8.** "সেখানে আলোবাবুর সঙ্গে আবার দেখা হয়ে গেল।" – উক্ত স্থানে গল্পকথক আলোবাবুকে কোন কাজ করতে দেখেছিলেন? **(2)**

**9. a)** "হরিদার জীবনে সত্যিই একটা নাটকীয় বৈচিত্র্য আছে।" – মন্তব্যটিকে ব্যাখ্যা করো। **(3)**

**b)** "তামাশা করে হলেও এখন ব্যাপারটা ঘোরালো হয়ে পড়েছে" – কোন ব্যাপারটা ,কীভাবে ঘোরালো হয়ে পড়েছিল? **(3)**

**10.** "কৃতার্থ হয়ে বসে বসে দিন গোনে"– **(2+3=5)**
**a)** কে, কোন কাজ করার ফলে কৃতার্থ হয়েছিল?
**b)** উক্ত কাজের প্রেক্ষিতে উদ্দিষ্ট ব্যক্তি নিজেকে কৃতার্থ মনে করেছিল কেন?

**OR**

"স্নেহের কাঙাল বেচারা।" – **(3+2=5)**
**a)** বক্তার 'স্নেহের কাঙাল' কথাটি উদ্দিষ্ট ব্যক্তির চরিত্রবৈশিষ্ট্যের সঙ্গে কীভাবে সংগতিপূর্ণ হয়েছে তা একটি উদাহরণ দিয়ে ব্যাখ্যা করো।
**b)** উদ্দিষ্ট ব্যক্তির চরিত্রের অন্য আরো দু'টি বৈশিষ্ট্য উল্লেখ করো।

**11.** সপ্রসঙ্গ ব্যাখ্যা করো – **(5x1=5)**
'বনভূমির ওপারে কোন মনোভূমির দ'য়,
ফুসুর ফাসুর ঘুসুর ঘাসুর স্বপ্নে কথা হয়!'

**OR**

'সকালে প্রভাতফেরির সঙ্গে
ভোরের আজান
একাকারে মিলিয়ে যাচ্ছে।।'

**12.** 'আমার শুধু একটা কোকিল / গান বাঁধবে সহস্র উপায়ে' **(2+3=5)**
**a)** কোন পরিস্থিতিতে একটা কোকিল কবিকে ভরসা জুগিয়েছে?
**b)** উক্ত কোকিলের প্রতি কবির এমন ভরসার কারণ কী তা ব্যাখ্যা করো।

**OR**

'আমাদের পথ নেই কোনো / আমাদের ঘর গেছে উড়ে'
**a)** কবিতায় 'ঘর'-এর তাৎপর্য কীভাবে প্রকাশিত হয়েছে?
**b)** কবির এমন মন্তব্যের কারণ কী তা সংক্ষেপে লেখো।

**13.** "বিবাহের বিশেষ সম্ভাবনা দেখা যায় না।" – **(2+3=5)**

**a)** কার, কেন বিবাহের বিশেষ সম্ভাবনা দেখা যায়নি?

**b)** উক্ত অবিবাহিত কন্যাটির জীবন কীভাবে অতিবাহিত হচ্ছিল তা অল্পকথায় লেখো।

**14.** "ভাই, আমার কী আছে যে কাহাকে দিব।" – **(2+3=5)**

**a)** কে, কাকে উদ্দেশ করে কথাটি বলেছেন?

**b)** বক্তা নিজেকে কেন নিঃস্ব বলে মনে করেছেন?

**OR**

"সে আমার বেশিক্ষণ সহ্য হয় না।"

**a)** কার, কী সহ্য হয়না?

**b)** উক্ত ব্যাপারটি বক্তার সহ্য না হওয়ার নেপথ্যে মূল কারণ কী?

## SECTION – D
## CREATIVE WRITING

**15. নিম্নলিখিত <u>যেকোনো একটি</u> বিষয় অবলম্বনে অনুচ্ছেদ রচনা করো।** **(1x6=6)**

a) 'ডিজিটাল গেম'-এর প্রতি আসক্তি নষ্ট করছে কৈশোরের স্বাভাবিক খেলাধূলার প্রবণতাকে।

b) সাম্প্রতিককালে তোমার রাজ্যে ভয়াবহ বন্যা।

c) চলভাষ (Mobile phone) ছাড়া চলমান জীবন অচল।

**16.** তুমি রাহুল অথবা রিনি, নদীয়া জেলার রাণাঘাটের বাসিন্দা। উৎসবের মরশুম এলেই তোমাদের এলাকায় জোর করে চাঁদা আদায়ের প্রবণতা দেখা যায়। এই জোর করে চাঁদা আদায়ের বিরোধিতা করে তোমার মতামত জানিয়ে একটি বহুলপ্রচলিত সংবাদপত্রের সম্পাদককে পত্র লেখো। **(6)**

**OR**

দ্রব্যমূল্যবৃদ্ধি সাধারণ মানুষের পরিস্থিতিকে অসহায় করে তুলেছে। সংসার চালাতে নাভিশ্বাস উঠেছে মধ্যবিত্তের। তুমি দক্ষিণ চব্বিশ পরগণার ক্যানিং-এর একজন সচেতন নাগরিক হিসাবে এর প্রতিবাদ জানিয়ে স্থানীয় 'সংবাদ দর্পণ' পত্রিকার সম্পাদককে একটি পত্র লেখো।